

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
শার্শা, যশোর।  
www.fisheries.sharsha.jessore.gov.bd

স্মারক নং-৩৩.০২.৪১৯০.৫০১.০০০০.২৪.০০৩৪.২৪. ৫৫১


তারিখঃ ২৩ অক্টোবর ২০২৫

বিষয়ঃ আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষাকরণ।

সূত্রঃ ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার, বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর এর স্মারক নং- ৩৩.০২.০০০০.৭০১.২৮.০০১.  
২৫.৮৭ তারিখঃ ২৩/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র উপজেলাধীন সকল মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ আমদানিকারকদের জানানো যাচ্ছে যে, মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪ এর বিধি ১৮(১৮) অনুসারে বেনাপোল বন্দরে আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার, বেনাপোল, শার্শা, যশোর নমুনা সংগ্রহ এবং মান যাচাই এর লক্ষ্যে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে প্রেরণ করবেন। এমতাবস্থায় মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের যে কোন চালান বন্দরে এলে তা ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার, বেনাপোল, শার্শা, যশোর কে পত্র মারফত অবহিত করে নমুনা প্রদান করবেন। উক্ত নমুনা সরকারি মান নিয়ন্ত্রণ কেন্দ্র হতে পরীক্ষা করা হবে এবং পরীক্ষার ফি আমদানিকারক চালানের মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত পরীক্ষায় সরকার নির্ধারিত গুণমান পাওয়া না গেলে ঐ নির্দিষ্ট চালানের মালামালের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: বিবেচ্য পত্র – ১ প্রস্থ

  
(পলাশ বাল্য)

পরিচিতি নং-০০৭৮৫  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
শার্শা, যশোর।  
মোবাইল নং-০১৭৬৯-৪৫৯৪৯৩  
ufosharsha@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য বিভাগ, খুলনা।
২. কমিশনার, কাস্টম হাউজ, বেনাপোল, শার্শা, যশোর।
৩. জেলা মৎস্য অফিসার, যশোর।
৪. ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার, বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
৬. অফিস কপি।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসারের কার্যালয়  
বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর।  
[www.fqo.benapole.sharsha.jessore.gov.bd](http://www.fqo.benapole.sharsha.jessore.gov.bd)

স্মারক নং- ৩৩.০২.০০০০.৭০১.২৮.০০১.২৫. ৮৭

তারিখঃ ২৩/১০/২০২৫ খ্রি.

বিষয়ঃ আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪ এর বিধি ১৮(১৮) তে বন্দরে আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ মৎস্য সঞ্চারনিরোধ কর্মকর্তা কর্তৃক নমুনা সংগ্রহ এবং মান যাচাই এর লক্ষ্যে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে প্রেরণের জন্য বলা হয়েছে। মৎস্যখাদ্য বিধিমালা, ২০২৪ এর বিধান অনুযায়ী আমদানিকৃত মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণের মান যাচাই লক্ষ্যে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে নমুনা পরীক্ষার বিষয়টি এই বিধানাবলীর ক্যাটাগরি-৩(ক) আওতায় লাইসেন্স প্রাপ্ত আমদানিকারকদের অবহিত এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(সজীব সাহা)

পরিচিতি নম্বরঃ ০০৫৬৭

ফিশারিজ কোয়ারেন্টাইন অফিসার  
বেনাপোল স্থলবন্দর, শার্শা, যশোর।

E-mail: [fqobenapole@fisheries.gov.bd](mailto:fqobenapole@fisheries.gov.bd)

মোবাইল নম্বরঃ ০১৭৬৯-৪৫৯৫৪৮

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
শার্শা, যশোর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।
- ২। কমিশনার, কাস্টম হাউজ, বেনাপোল।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, যশোর
- ৪। অফিস কপি।